

[প্রস্তাবিত গবেষণাপত্রের সারসংক্ষেপ]

বাঙালি দলিত লেখকের আত্মজীবনী: স্বতন্ত্র স্বরের সন্ধান

[যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি (কলা অনুষদ) উপাধি প্রাপ্তির জন্য প্রদত্ত গবেষণা অভিসন্দর্ভ]

গবেষক: রিয়া মুখার্জি

নিবন্ধীকরণ সংখ্যা: A00BE1100418

নিবন্ধীকরণের তারিখ: 19.09.2018

তত্ত্বাবধায়ক: ড. শম্পা চৌধুরী

প্রফেসর, বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

কলকাতা - ৭০০০৩২

২০২৫

দলিত পরিচয়ের কারণে, দলিত গোষ্ঠীর সদস্য হওয়ার পরিণামে ব্যক্তি নাগরিক যে তাঁর স্বক্ষমতাগুলোকে পাচ্ছেন না বা তাকে সেগুলো পেতে দেওয়া হচ্ছে না, নানা ভাবে তার পথে প্রতিবন্ধকতা তৈরি করা হচ্ছে, এই সমস্যার মোকাবিলায় স্বাধীন ভারতের সংবিধান যে প্রকরণগুলি ব্যবহার করেছে, তার মধ্যে প্রথম এবং প্রধান হল সংরক্ষণ। লক্ষ্যণীয়, এই সংরক্ষণ যিনি পাচ্ছেন তিনি একজন ব্যক্তি-নাগরিক, কিন্তু তিনি সেটা পাচ্ছেন এই কারণে যে তিনি একটি বিশেষ গোষ্ঠীর সদস্য। সুতরাং একটু ভেবে দেখলেই বিষয়টি বোঝা যাবে যে, ব্যক্তির গোষ্ঠীর পরিচয়ের জন্য তাঁর যে সুযোগ-বঞ্চনা, তার প্রতিকার খুঁজতে রাষ্ট্র ব্যক্তির পাশে এসে দাঁড়াচ্ছে, কিন্তু ব্যক্তিটি তার গোষ্ঠী পরিচয়কে অস্বীকার করতে পারছে না। অস্বীকার করা কি আদৌ সম্ভব? আজকের উদার অর্থনীতিবাদের প্রেক্ষাপটে অতিকায় পুঁজির দ্বারা শাসিত ও নিয়ন্ত্রিত বর্তমানে দাঁড়িয়ে দলিতের গোষ্ঠীপরিচয় ক্রমে ক্রমে রাজনীতির একটা প্রধান প্রকরণ হয়ে দাঁড়িয়েছে। এমতাবস্থায় ব্যক্তি এবং গোষ্ঠীর পারস্পরিক সম্পর্কের টানাপোড়েন আরও একটু ভেঙে বললে, পুরনো সমাজ এবং নতুন অর্থনীতি ও রাজনীতি – এই তিনের টানাপোড়েনের প্রেক্ষিতে দলিত আত্মকথনকে ঘুরে ফিরে দেখার প্রয়াসই আলোচ্য গবেষণা অভিসন্দর্ভটির অন্তর্নিহিত উদ্দেশ্য।

গবেষণা অভিসন্দর্ভটি নিম্নলিখিত অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে-

ভূমিকা

প্রথম অধ্যায়: অতীত অনুসন্ধান: বিষয়ী সত্তার সংকট ও বিকল্প কৌশল

দ্বিতীয় অধ্যায়: প্রান্তিকের আত্মপরিচিতির সন্ধান: সংক্ষিপ্ত রূপরেখা

তৃতীয় অধ্যায়: সর্বভারতীয় দলিত আত্মজীবনী: বিদ্রোহের বর্ণমালা

চতুর্থ অধ্যায়: বাঙালি দলিত লেখকের আত্মজীবনী: সাহিত্য ও প্রতিরোধের রাজনীতি

পঞ্চম অধ্যায়: নারী ও দলিত নারীর আর্থ-সামাজিক অবস্থার পূর্বালোকন

ষষ্ঠ অধ্যায়: দলিত নারীর আত্মজীবনী: অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো

সপ্তম অধ্যায়: উদ্বাস্তু দলিতের আত্মজীবনী: একটি পর্যালোচনা

অষ্টম অধ্যায়: স্মৃতি-সত্তা-স্বর: 'আত্মজীবনী'র নির্মাণ ও ইতিহাস চর্চায় দ্বন্দ্বিক সম্পর্ক

উপসংহার

গ্রন্থ ও পত্রপত্রিকাপঞ্জি

বৈদ্যুতিন তথ্যপঞ্জি (অন্তর্জাল সূত্র)

আলোচ্য অভিসন্দর্ভটিতে বাংলা সাহিত্যের বিপুল পরিসরের মধ্যে থেকে 'আত্মজীবনী' নামক সংরূপটিকে বেছে নেওয়া হয়েছে। সমাজের সর্বস্তরের প্রান্তিক মানুষদের দৈনন্দিন যাপনের মধ্যে থেকে উঠে আসা অনুচ্চারিত কথাগুলি এই 'আত্মজীবনী' নামক আপাত নিরীহ সংরূপটিকে যে কতখানি বৈচিত্রপূর্ণ ও বহুমুখী উদ্দেশ্য সাধনের মাধ্যম করে তুলতে পারে তাঁর বিশ্লেষণই অভিসন্দর্ভটির কেন্দ্রীয় বিষয়।